JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/31/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেটে বন্দুক সহিংসতার বিরুদ্ধে লড়াই করতে 3.1 মিলিয়ন মার্কিন ডলারের বেশি তহবিল ঘোষণা করলেন

সাতটি অলাভজনক প্রতিষ্ঠান আগামী বছর 2019 সালে SNUG স্ট্রিট আউটরিচ-এর মাধ্যমে প্রমাণ-ভিত্তিক উপায় অব্যাহত রাখতে অনুদান লাভ করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে ঘোষণা করলেন যে স্টেটের সাতটি কমিউনিটিতে নিউ ইয়র্কের স্ট্রিট আউটরিচ প্রোগ্রাম SNUGকে 3.1 মিলিয়ন মার্কিন ডলারের বেশি তহবিল প্রদান করা হবে। SNUG প্রোগ্রাম বন্দুক সহিংসতা দূর করার উদ্দেশ্যে এবং গুলি চালানোর পরবর্তীতে প্রতিশোধ প্রতিরোধ করতে কাজ করে, উচ্চ ঝুঁকিপূর্ণ তরুণদের সাথে কাজ করে তাদের বিভিন্ন সেবা ও প্রোগ্রামে যুক্ত করে, এবং অন্যান্য কমিউনিটি উদ্যোগে যুক্ত হয়। তহবিলের ফলে আগামী বছর প্রোগ্রামটি নির্দিষ্ট এলাকায় অব্যাহত থাকবে যেমন মাউন্ট ভার্নন, রোচেস্টার, ব্রঙ্কস, ইয়োঙ্কার, ট্রয়, পগকিপসি এবং বাফেলো।

"আমাদের দেশে বহু পরিবার ও কমিউনিটি বন্দুক সহিংসতা দ্বারা বিধ্বস্ত হয়েছে", **গভর্নর কুওমো বলেছেন।** "দেশের সর্বাপেক্ষা শক্তিশালী বন্দুক নিরাপত্তা আইন কার্যকর করা থেকে শুরু করে SNUG-এর মতো অতি গুরুত্বপূর্ণ প্রোগ্রাম সমর্থন করা - নিউ ইয়র্ক স্টেট বন্দুক সহিংসতার এই মহামারী শেষ করার জন্য নির্ণায়ক পদক্ষেপ নিচ্ছে এবং বন্দুক সংক্রান্ত মৃত্যু একেবারে শেষ হওয়ার আগ পর্যন্ত আমরা থামবো না।"

"পুরো স্টেটে কমিউনিটিগুলিতে প্রোগ্রাম এবং সেবার মাধ্যমে, নিউ ইয়র্ক বন্দুক সহিংসতার বিরুদ্ধে লড়াই এবং বাসিন্দাদের জীবনযাত্রার মাণ বৃদ্ধির প্রচেষ্টায় বিনিয়োগ করছে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেছেন।** "শক্ত বন্দুক নিরাপত্তা ব্যবস্থা এবং SNUG-এর মতো উদ্যোগের মাধ্যমে, আমরা নিউ ইয়র্কবাসীকে সুরক্ষা দিতে এবং শিশু ও পরিবার নিরাপদ থাকবে তা নিশ্চিত করতে অঙ্গীকারবদ্ধ।"

অন্যান্য চারটি কমিউনিটিতে - অ্যালবেনি, সিরকাস, হ্যাম্পস্টিড -স্ট্রিট আউটরিচ কাজ শুরু করার জন্য এই বছরের শুরুর দিকে প্রায় 1.6 মিলিয়ন মার্কিন ডলার তহবিল ঘোষণা করা হয়েছিল, এর সাথে কমিউনিটিগুলিতে বন্দুক ও গুণ্ডা সহিংসতা বেড়ে যাওয়া ঠেকাতে আরো উদ্যোগ নেওয়া হয়েছে।

আগামী বছর SNUG অব্যাহত রাখতে নিউ ইয়র্কের মোট বিনিয়োগ 4.78 মিলিয়ন মার্কিন ডলার, যা 2018 সালে প্রদত্ত তহবিলের থেকে প্রায় 220,000 মার্কিন ডলার বেশি। স্টেটের ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস ডিভিশনের (Division of Criminal Justice Services) দ্বারা পরিচালিত SNUG স্ট্রিট আউটরিচ প্রোগ্রামটি 2009 সালে শুরু হওয়ার থেকে বিকশিত হয়েছে। এতে আছে একটি অনন্য প্রশিক্ষণ কর্মসূচি, যা অন্যান্য প্রোগ্রামের সেরা অনুশীলনগুলি তৈরি করা হয়েছে; এটি সাইটে বিনামূল্যে অতিরিক্ত কারিগরি সহায়তা এবং নির্দেশনা প্রদান করে; এবং এর কাজের নির্দেশনা প্রদান করার জন্য অপরাধ বিশ্লেষণ ব্যবহার করে।

মোট 11টি অলাভজনক প্রতিষ্ঠান অনুদানের তহবিলটি ভাগ করে নিবে এবং SNUG প্রোগ্রাম পরিচালিত করবে, যা সেইসব আউটরিচ কর্মীকে সাহায্য করবে যারা যেই উচ্চ ঝুঁকিপূর্ণ তরুণদের সাহায্য করার জন্য কাজ করে, কমিউনিটিতে বাস করতে এবং কাজ করতে তাদের মতোই অভিজ্ঞতা লাভ করে। বিশ্বাসযোগ্য বার্তাবাহক হিসেবে চিহ্নিত এই কর্মীরা, গুলি চালানোর পর প্রতিশোধ ঠেকাতে কাজ করে, দ্বন্দ্ব সনাক্ত করতে সাহায্য করে, এবং অতিরিক্ত সহিংসতা হওয়ার পূর্বেই শান্তিপূর্ণভাবে এর মিটমাট করার চেষ্টা করে। এছাড়াও আউটরিচ কর্মীরা র‍্যালি এবং বিশেষ ইভেন্টের মাধ্যমে কমিউনিটিকে জড়িত করে, লক্ষ্য নির্ধারণের জন্য প্রোগ্রামের সাথে জড়িত উচ্চ ঝুঁকিপূর্ণ তরুণদের সাথে দেখা করে, তাদের শিক্ষা ও চাকরির সুযোগ বৃদ্ধির জন্য সহযোগিতার সাথে যুক্ত করে, এবং অপরাধমুক্ত জীবনযাপনে তাদের সাহায্য করে।

নিচের প্রতিষ্ঠানগুলি আজকে ঘোষিত তহবিল পাবে:

- ফ্যামিলি সার্ভিসেস অব ওয়েস্টচেস্টার (Family Services of Westchester), মাউন্ট ভার্নন: $290,500
- অ্যাকশন ফর এ বেটার কমিউনিটি (Action for a Better Community), রোচেস্টার: $543,700
- জ্যাকবি মেডিক্যাল সেন্টার অক্সিলারি (Jacobi Medical Center Auxiliary), ব্রঙ্কস: $626,500
- ইয়োঙ্কার্স YMCA (Yonkers YMCA), ইয়োঙ্কার্স: $355,820
- ট্রিনিটি অ্যালায়েন্স (Trinity Alliance), ট্রয়: $333,050
- ফ্যামিলি সার্ভিসেস ইনকর্পোরেশন (Family Services Inc), পগকিপসি: $305,100
- ব্যাক টু বেসিকস(Back to Basics), বাফেলো: $677,980

পূর্বে এইসব প্রতিষ্ঠানের জন্য SNUG তহবিল ঘোষণা করা হয়েছে:

- ট্রিনিটি অ্যালায়েন্স, অ্যালবেনি: $426,200
- সিরকাস মডেল নেইবারহুড ফ্যাসিলিটি (Syracuse Model Neighborhood Facility): $505,300
- ফ্যামিলি এন্ড চিলড্রেনস অ্যাসোসিয়েশন (Family and Children's Association), হ্যাম্পস্টিড: $386,050
- ইকোননিক অপরচুনিটি কাউন্সিল অব সাফোক (Economic Opportunity Council of Suffolk), অয়াইয়েড্যান্স$329,800

নিউ ইয়র্ক স্টেটের ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস ডিভিশনের নির্বাহী ডেপুটি কমিশনার মাইকেল সি. গ্রিন বলেন, "SNUG-এর মতো প্রমাণ-ভিত্তিক প্রোগ্রাম পুরো স্টেটে জন নিরাপত্তা বৃদ্ধি করতে উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে। যদিও বিগত বছরগুলিতে বন্দুক সহিংসতায় প্রশংসনীয় উন্নতি হয়েছে, এখনো অনেক কাজ বাকি, এবং এই তহবিল পাওয়ার ফলে আমাদের স্ট্রিট আউটরিচ কর্মীরা সেই সব এলাকায় তাদের গুরুত্বপূর্ণ কাজ চালিয়ে যেতে পারবে যেখানে সহিংস অপরাধ সবথেকে বেশি।"

স্টেটের অপরাধ হ্রাস কৌশলের জন্য এই স্ট্রিট আউটরিচের নেটওয়ার্কটি মুখ্য উপাদান হিসেবে কাজ করেছে। বন্দুক সংক্রান্ত সহিংসতা দূরীকরণ (Gun Involved Violence Elimination, GIVE) উদ্যোগের আইন প্রয়োগকারী সংস্থার প্রতিবেদন অনুযায়ী, আগের বছরের তুলনায় 2018 সালের প্রথম এগারো মাসে SNUG প্রোগ্রামসহ কমিউনিটিগুলিতে গুলি চালানোর ঘটনা 11 শতাংশ কমেছে। পাঁচ-বছরের গড়ের তুলনায়

গুলির ঘটনা কমে এসেছে। পাঁচ-বছরের গড়ের তুলনায় এই জুরিসডিকশনে আগ্নেয়াস্ত্র-সংক্রান্ত হোমিসিড 5 শতাংশ কমেছে। 11টি SNUG প্রোগ্রামের দশটি (ব্রঙ্কস বাদে) GIVE-এর লক্ষ্য করা কমিউনিটিতে কাজ করে, GIVE হল একটি অপরাধ-দমন প্রোগ্রাম যা আইন প্রয়োগকারী সংস্থাকে তহবিল ও কারিগরি সহায়তা প্রদান করে এবং এটি ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস ডিভিশন দ্বারা পরিচালিত হয়।

নিউ ইয়র্ক স্টেটের ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস ডিভিশন www.criminaljustice.ny.gov একটি বহু-কার্যকারিতার অপরাধ ন্যায়বিচার সমর্থন এজেন্সি যার অনেক ধরনের দায়িত্ব আছে, তার মধ্যে আইন প্রয়োগ প্রশিক্ষণ; পুরো প্রদেশের অপরাধ তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ; অপরাধ ইতিহাস তথ্য ও আঙুলের ছাপের ফাইল রক্ষণাবেক্ষণ; নিউ ইয়র্ক প্রদেশের পুলিশের সাথে অংশীদারিত্বে প্রদেশের DNA ডাটা ব্যাংকের প্রশাসনিক তত্ত্বাবধান; প্রোবেশন ও কমিউনিটি সংশোধন প্রোগ্রামের অর্থায়ন ও তত্ত্বাবধান; ফেডারেল ও প্রদেশের অপরাধ ন্যায়বিচার তহবিলের প্রশাসন; প্রদেশজুড়ে অপরাধ ন্যায়বিচার -সম্পর্কিত এজেন্সিদের সমর্থন প্রদান; এবং প্রদেশের সেক্স অফেন্ডার রেজিস্ট্রি এর প্রশাসন অন্তর্ভুক্ত।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন